দৈনিক ইনকিলাব

তারিখ ... 22 APR 1998 ...
পৃষ্ঠা 7 কলাম 5

# পাঁচটি বোর্ডের অধিকাংশ কেন্দ্রে লাগামহীন নকলের মধ্যে পরীক্ষা

স্টাফ রিপোর্টার ঃ গতকাল পাঁচটি বোর্ডের অধিকাংশ কেন্দ্রে লাগামহীন নকলের মধ্য দিয়ে এসএসসি পরীক্ষার অন্যতম কঠিন বিষয় সামাজিক বিজ্ঞান পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। বহু কেন্দ্রে নকলের ব্যাপকতা '৭২-কে ছাড়িয়ে গেছে বলেও খবর পাওয়া গেছে। সমাজ বিজ্ঞান পরীক্ষা কঠিন হওয়ার কারণে রাজধানীর কয়েকটি কেন্দ্রে মেধাবী পরীক্ষার্থীরা কেঁদেছে বলে জানা গেছে। শিক্ষকরা অভিযোগ করেছেন সামাজিক বিজ্ঞান বিষয়ে যে পাঁচটি বিষয় সন্নিবেশিত করা হয়েছে '৬০-এর দশকে এ বিষয়গুলোর নম্বর ছিল ৫০০। ফলে একজন পরীক্ষার্থীকে ১টি প্রশ্নের উত্তর দিতে প্রায় ৭০টি প্রশ্ন পড়তে হয়েছে। তাছাড়া প্রথমবারের পরীক্ষা হিসেবে প্রশ্ন হয়েছে কঠিন। গতকালের পরীক্ষার অন্যতম বিষয় ছিল সাধারণ বিজ্ঞান।

গতকাল উল্লেখিত দুই বিষয়ের পরীক্ষায় নকলের অভিযোগে প্রায় ৮শ' পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

নীলফামারীতে পরীক্ষার্থীদের নিকট থেকে চাঁদা তুলে প্রশাসন ও কেন্দ্রে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের ম্যানেজ করা হয়েছে বলে অভিযোগ উঠেছে।

চাটখীলের পাঁচগাঁও সরকারী স্কুল কেন্দ্রে নকলের দাবীতে পরীক্ষা শেষে পরীক্ষার্থীরা ৬

শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন

# পাঁচটি বোর্ডের অধিকাংশ কেন্দ্রে লাগামহীন নকলের মধ্যে পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

জন পরিদর্শককে ঘেরাও করলে পুলিশের সহায়তায় তাদের উদ্ধার করা হয়।

গতকাল মতলবের নারায়ণপুর, ছেংগারচর মতলব হাই স্কুল, বদরপুর ও নাওরী ইত্যাদি কেন্দ্রে ফাঁস করা প্রশ্নের পূর্ণ সেট ১ হাজার টাকায় বিক্রি হয়েছে। এসব প্রশ্ন সঠিক হবে কিনা তা নিয়ে পরীক্ষার্থীরা ছিল উদ্বিগ্ন। ঢাকা বোর্ডের অধীন বিভিন্ন কেন্দ্রে বিশেষ করে ঢাকার বাইরের কেন্দ্রসমূহে ব্যাপক নকলের আশ্রয় নেয়া হয়েছে। ঢাকা বোর্ডে বহিষ্কারের সংখ্যা ১৯০ জন।

রাজশাহী অফিস জানায়, গতকাল রাজশাহী বোর্ডের অধীন বিভিন্ন জেলার পরীক্ষার্থীরা ব্যাপক হারে নকল করছে। গতকালের বহিষ্কারের সংখ্যা ছিল ৪০০।

চট্টগ্রাম ব্যুরো জানায়, গতকাল চট্টগ্রাম বোর্ডের বিভিন্ন কেন্দ্রে প্রতিযোগিতামূলক নকল চলেছে। ফলে বহিষ্কারের সংখ্যা কমে গেছে। গতকালের বহিষ্কারের সংখ্যা ছিল ৩৪ জন। সিলেটের জকিগঞ্জে একজন ভুয়া ছাত্রকে পুলিশ গ্রেফতার করেছে।

কুমিল্লা জেলা সংবাদদাতা জানান, গত মঙ্গলবার দৈনিক কুমিল্লা বার্তার সম্পাদক এ কে এম মফিজুর রহমানকে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট জামিনে মুক্তি দিয়েছেন। গতকালের পরীক্ষায় নকলের অভিযোগে বহিষ্কৃতের সংখ্যা স্কুল পরীক্ষার্থী ৩৭ এবং মাদ্রাসা পরীক্ষার্থী ২৪।

যশোর অফিস জানায়, এ বোর্ডের অধীনে গতকালের পরীক্ষায় ৫১ জন পরীক্ষার্থীকে নকলের অভিযোগে বহিষ্কার করা হয়। উভয় পরীক্ষায় ব্যাপক হারে নকল অব্যাহত রয়েছে।

নোয়াখালী অফিস জানায়: চাটখিলের পাঁচগাঁও সরকারী হাই স্কুল কেন্দ্রে সুযোগ-সুবিধা প্রদানের দাবী জানিয়ে ঐ স্কুলের পরীক্ষার্থীরা আজ পরীক্ষা শেষে ৬ জন পর্যবেক্ষককে ঘেরাও করে রাখে। খবর পেয়ে টিএনও পুলিশ নিয়ে ঘটনাস্থল পৌঁছে পরীক্ষার্থীদের লাঠিচার্জ করে হটিয়ে দিয়ে উক্ত পর্যবেক্ষকদের টিএনও'র গাড়ীযোগে নিরাপদ স্থানে পৌঁছে দেয়।

নীলফামারী জেলা সংবাদদাতা জানান ঃ নীলফামারী জেলায় অনুষ্ঠিত চলতি এসএসসি ও দাখিল পরীক্ষা কেন্দ্রগুলোতে ব্যাপক হারে নকল ও গণটোকাটুকি চলছে। এরমধ্যে ডিমলা থানার আরবিআর উচ্চ বিদ্যালয়, নিজপাড়া মাদ্রাসা এবং কিশোরগঞ্জ থানার কেশবা সিনিয়র মাদ্রাসা কেন্দ্রে ১৯৭২ সালের মতো ফ্রি স্টাইলে নকল চলছে। আবাধে নকল করার সুযোগ করে দেয়ার জন্য পরীক্ষার্থীদের নিকট থেকে চাঁদা তুলে প্রশাসন, কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের ম্যানেজ করা হয়েছে বলে অভিযোগ উঠেছে।

প্রশ্নপত্র ফাঁসের ঘটনার সাথে জামায়াতে ইসলামীকে জড়িয়ে কতিপয় সংবাদপত্রে যে খবর প্রকাশিত হয় তার তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করে জামায়াতে ইসলামী বাংলাদেশের কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও চট্টগ্রাম মহানগরী আমীর অধ্যক্ষ মাওলানা মোহাম্মদ আবু তাহের নিম্নোক্ত বিবৃতি প্রদান করেন। বিবৃতিতে তিনি বলেন, চলতি এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনা জাতির জন্য সত্যিই অত্যন্ত দুঃখজনক ও দুর্ভাগ্যজনক। জাতির ভবিষ্যৎ বংশধর তথা দেশের শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করার এ এক জঘন্য ষড়যন্ত্র ছাড়া আর কিছুই নয়।